বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
E-il:dgmbcbd@krishibank.org.bd

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং প্রকা/শানিব্যউবি-১(১০৫)ডেলটা/২০১৭-২০১৮/ ৭৮৭(১২৫০) তারিখ ঃ ১৫-০৪-২০১৮খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৩। সকল শাখা ব্যবস্থাপক
( মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ নামে নন-অপারেটিভ চলতি বিএম কালেকশন হিসাব এবং নন- অপারেটিভ চলতি বিএমবিহীন কালেকশন হিসাব খোলা ও পরিচালনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং প্রকা/শানিব্যউবি-১(১০৫) ডেলটা/২০১৫-২০১৬/১১৭১(১২৫০) তারিখ ১৯-০৪-১৬ এর প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক ও ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের ভিত্তিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখায় (ক) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ নামে নন-অপারেটিভ চলতি বিএম কালেকশন হিসাব (খ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ (গ্রামীন বীমা প্রকল্প) ও (গ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ (গণ বীমা প্রকল্প) নামে নন-অপারেটিভ চলতি বিএমবিহীন কালেকশন হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রম আগামী ৩১-১২-২০১৯ তারিখ পর্যন্ত নিম্ন বর্ণিত শর্তে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

(১) এ সমঝোতা স্মারক ০১-০১-২০১৮ তারিখ হইতে কার্যকর হবে এবং ৩১-১২-২০১৯ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

(২) এ সমঝোতা স্মারক মূলে ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড নামীয় হিসাবটি সমঝোতা স্মারকের মেয়াদ পর্যন্ত চলতি বিএম কালেকশন হিসাব রুপে পরিচালিত হবে। অন্য দুটি হিসাব যথা (ক) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গ্রামীন বীমা প্রকল্প) ও (খ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গণ বীমা প্রকল্প) সমঝোতা স্মারকের মেয়াদ পর্যন্ত চলতি বিএম বিহীন কালেকশন হিসাব রুপে পরিচালিত হবে।

(৩) বাংলাদেশ কৃষি ব্যাংক , স্থানীয় মুখ্য কার্যালয় , ঢাকায় (ক) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (খ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গ্রামীন বীমা প্রকল্প) ও (গ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গণ বীমা প্রকল্প) নামে যথাক্রমে এসএনডি হিসাব নং -৭৪, ৬৬ ও ৮৬ খোলা হয়েছে। বিকেবির বিভিন্ন শাখায় প্রিমিয়াম কালেকশনের জন্য একই নামের চলতি কালেকশন হিসাব খোলার সময় মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব এসোসিয়েশন এবং অন্যান্য কাগজ পত্রাদি দাখিল করতে হবে না । হিসাব খোলার জন্য কোম্পানীর লেটার হেড প্যাডে একটি আবেদন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে দাখিল করতে হবে, যার একটি অনুলিপি কোম্পানী কর্তৃক বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(৪) বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকায় (ক) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (খ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গ্রামীন বীমা প্রকল্প) ও (গ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গণ বীমা প্রকল্প) নামে খোলা যথাক্রমে এসএনডি হিসাব নং ৭৪, ৬৬ ও ৮৬ এর মাধ্যমে কোন ধরনের প্রিমিয়াম কালেকশন বা কালেকশনের জন্য বিএম ইস্যু করা যাবে না ।

(৫) ব্যাংকের বিভিন্ন শাখায় ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ নামে যে চলতি বিএম কালেকশন হিসাব খোলা হয়েছে/হবে তাতে প্রিমিয়াম কালেকশনের জন্য ইনসিওরেন্স কোম্পানী কর্তৃক বিএম রশিদ বই সরবরাহ করা হবে এবং এ রশিদের মাধ্যমে প্রিমিয়াম কালেকশনের টাকা জমা করা হবে। অন্য দুটি হিসাব যথা (ক) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গ্রামীন বীমা প্রকল্প) ও (খ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গণ বীমা প্রকল্প) নামে খোলা চলতি বিএম বিহীন কালেকশন হিসাবগুলোতে বিএম বই ইস্যূ করা যাবে না এবং ব্যাংকের প্রচলিত নিয়মে কোম্পানীর কর্মকর্তা /কর্মচারী কর্তৃক পে-ইন-স্লিপের মাধ্যমে টাকা জমা করতে হবে।

(৬) ব্যাংকের বিভিন্ন শাখায় ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড নামে খোলা চলতি বিএম কালেকশন হিসাব এবং অন্য দুটি হিসাব যথা (ক) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গ্রামীন বীমা প্রকল্প) ও (খ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গণ বীমা প্রকল্প) নামে খোলা চলতি বিএম বিহীন কালেকশন হিসাবগুলো থেকে টাকা উঠানো যাবে না এবং চেক বইও ইস্যু করা যাবে না

চলমান পাতা-০২

(৭) বিকেবি এর বিভিন্ন শাখায় খোলা উক্ত চলতি বিএম ও নন-বিএম হিসাবগুলোতে জমাকৃত প্রিমিয়ামের টাকা পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয় এর সংশ্লিষ্ট এসএনডি হিসাবগুলোতে এমটি (মেইল ট্রান্সফার) এর মাধ্যমে স্থানান্তর করতে হবে। টাকা স্থানান্তরের জন্য অত্র ব্যাংকের প্রচলিত নিয়মে কমিশন , ডাকখরচ সহ বিভিন্ন চার্জ ও ভ্যাট ইত্যাদি শাখায় রক্ষিত কোম্পানীর সংশ্লিষ্ট নন-অপারেটিভ চলতি কালেকশন হিসাব হতে কর্তন করা হবে। শাখা বিশেষ কোন অসুবিধার কারণে উক্ত তারিখের মধ্যে কোম্পানীর কেন্দ্রীয় হিসাবে অর্থ স্থানান্তর করতে না পারলে অবশ্যই ঐ মাসের ৩০ তারিখের মধ্যে অর্থ স্থানান্তর নিশ্চিত করবে। কিন্তু জমা হওয়ার পরবর্তী মাসের ৩০ তারিখের মধ্যে অর্থ স্থানান্তর করতে ব্যর্থ হলে সে ক্ষেত্রে ৩০ তারিখের পর হতে স্থানান্তরের তারিখ পর্যন্ত ব্যাংক কর্তৃক এসএনডি আমানত হিসাবে প্রদেয় সুদের হারে সুদ প্রদান করতে হবে। তবে সুদ প্রদানের অজুহাতে উক্ত হিসাবে সংগৃহীত অর্থ শাখায় ধরে রাখা যাবে না।

(৮) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড নামীয় চলতি বিএম কালেকশন হিসাবে সংগৃহীত টাকার উপর ৫% হারে এবং ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গ্রামীন বীমা প্রকল্প ) এবং ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গণবীমা প্রকল্প) নামের চলতি বিএম বিহীন কালেকশন হিসাব হতে সংগৃহীত টাকার উপর ১% হারে সার্ভিস চার্জ কর্তন করতে হবে।

(৯) রাষ্ট্রীয় / ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী কোম্পানীর সকল হিসাব হতে উৎসে কর ইত্যাদি কর্তন করতে হবে।

(১০) ব্যাংকের প্রচলিত নিয়মে শুধুমাত্র দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষরে বিএম বই ইস্যু করা যাবে।

(১১) কোম্পানী কর্তৃক সরবরাহকৃত বিএম রশিদ বই শাখা ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তার যৌথ হেফাজতে থাকবে।

(১২) কোম্পানী প্রতি মাসান্তে বিকেবি এর বিভিন্ন শাখার চলতি প্রিমিয়াম কালেকশন হিসাব হতে স্থানীয় মুখ্য কার্যালয়ে স্থানান্তরিত টাকার সঠিকতা সমন্বয় সাধন (Reconcile) করে দেখবেন।

০৩। এমতাবস্থায় , উপরোক্ত শর্ত সাপেক্ষে (ক) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ নামে নন-অপারেটিভ বিএম কালেকশন হিসাব খোলা ও পরিচালনা এবং (খ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গ্রামীন বীমা প্রকল্প) ও (গ) ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড (গণ বীমা প্রকল্প) নামে নন অপারেটিভ চলতি বিএমবিহীন কালেকশন হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রম বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখায় আগামী ৩১-১২-২০১৯ তারিখ পর্যন্ত চালু থাকবে।

আপনার বিশ্বস্ত

২২/০৪/১৮

(মোঃ মিজানুর রহমান)
উপমহাব্যবস্থাপক
ফোন নং- ৯৫৭৮০২৫

পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(১০৫)ডেলটা/২০১৭-২০১৮/

তারিখ ঃ ১৫-০৪-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), স্টাফ কলেজ, বিকেবি, মিরপুর, ঢাকা।
০৫। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ( পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
১০। ব্যবস্থাপনা পরিচালক, ডেলটা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ, প্লট-৩৭, রোড-৪৫ (দক্ষিন) এবং ৯০ (উত্তর), গুলশান সার্কেল-২, ঢাকা।
১১। নথি/মহানথি।

১৫/৪/১৮

(মোঃ জাকারিয়া)
সহকারী মহাব্যবস্থাপক